দৈনিক বাংলা

তারিখ ... 12 FEB 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮

23

## রাজশাহী ভার্সিটি: অনার্সে ২৯শ' আসনে ২৫ হাজার প্রার্থী

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

রাজশাহী, ১১ই ফেব্রুয়ারী।– রাজশাহী বিশ্ববিদ্যালয় ১৯৮৯–৯০ শিক্ষা–বর্ষে প্রথম বর্ষ অনার্সে ভর্তির জন্য ২৮৮৬টি আসনে ২৫ হাজার প্রার্থী হয়েছে। গতকাল ছিল আবেদনপত্র জমা দেয়ার শেষ দিন।

এর মধ্যে কলা অনুষদে ৪৩৩৫টি, সামাজিক বিজ্ঞানে ৫৮০০, বিজ্ঞান অনুষদে ৫৪১৮টি এবং জীব ও ভূবিজ্ঞান অনুষদে ২৮৬০টি, বাণিজ্য অনুষদে সাড়ে তিনহাজার এবং আইন অনুষদে সাড়ে ৩ হাজার আবেদন করেছে। আগামী ২৫শে ফেব্রুয়ারী ভর্তির পরীক্ষা শুরু হবে।